# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

www.chuadangapourashava.org
E-mailঃmayor16cp@gmail.com

## টিএলসিসির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা
সময় ও তারিখঃ সকাল ১০.৩০ ঘটিকা, ২৯-১২-২০২১ইং
স্থানঃ পৌরসভা কক্ষ

**আলোচ্যসূচীঃ-ঃ টিএলসিসির উদ্দেশ্য ও কার্য-বিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয় বস্তুর উপর আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনঃ**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-১ বিগত ইং ২৭-০৯-২০২১ তারিখে অনুষ্ঠিতব্য TLCC সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতেই সভার সভাপতির অনুমতিক্রমে পৌরসভার সচিব জনাব এস এম রেজাউল করিম অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন। বলেন অদ্যকার সভার সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি আরো -পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য আপনারা আমাদেরকে সহযোগিতা করেছেন তার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। তিনি উন্নয়নে পৌরবাসীর সার্বিক সহায়তা কামনা করেন। তিনি করোনা ভাইরাস থেকে রক্ষা কল্পে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন।<br>অতপর সভাপতির অনুমতিক্রমে পৌর সচিব জনাব এস এম রেজাউল করিম ও সদস্য-সচিব,TLCC চুয়াডাঙ্গা পৌরসভা বিগত ইং ২৭-০৯-২০২১ অনুষ্ঠিতব্য ৩য় সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং বিগত কিছু কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কায়বিবরণী নিয়ে আলোচনা পর্যলোচন করেন এবং কোন সংশোধনী না থাকায় TLCC সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সম্মানিত সভাপতি সভায় উপস্থিত কমিটির সদস্যকে পৌরসভার পক্ষ হতে ধন্যবাদ জানান | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।<br>খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br>গ) আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC-র সভা করা।<br>ঘ) সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং যথাসময়ে PMO তে প্রেরন করা হবে। | মেয়র/সচিব | ২৫ দিন |
| বিষয়-২ পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা। | আলোচনার শুরুতে অত্র পৌরসভার সচিব সাহেব জানান ২০২১-২০২২ অর্থ বছরের পৌর করের মোট দাবী (হাল+বকেয়া) ৪,৯০,১৯,০৬৭/-টাকা। তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌর করের আদায়ের পরিমান ৯৩,৭২,৪৮৩/-টাকা। চলতি কোয়াটার পর্যন্ত আদায়ের হার মাত্র ১৮.৯৬% ।সভার সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, | সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সহযোগিতায় সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন, কর খেলাপিদের নোটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে | মেয়র/সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/কর আদায়কারী/ WC কমিটি/ | ৩০ দিন |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | চুয়াডাঙ্গা পৌরসভা বলেন যে, আপনাদের সহযোগিতায় নতুন ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ও ২য় কোয়ার্টারে সন্তোষজনক পৌরকর আদায় করতে সক্ষম হয়েছি।TLCC-র সদস্য জনাব নুরুন্নাহার কাকলী সভায় পৌরকর আদায়ের অগ্রগতির লক্ষ্যে WC কমিটিকে কাজে লাগানোর কথা বলেন। তিনি আরো বলেন যে, সর্বোচ্চ ভাগ কর আদায়কারী কমিটিকে পৌরসভার পক্ষ থেকে পুরস্কার দেওয়া যেতে পারে। | পৌরকর আদায়। এছাড়া উঠান বৈঠক ও WC বৈঠকে কর আদায় বিষয়ে আলোচনা করা। | TLCC -র সদস্যবৃন্দ | |
| বিষয়-৩ পৌর এলাকায় ট্রাক টার্মিনাল নির্মাণ বিষয়ে আলোচনা। | চুয়াডাঙ্গা জেলার ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি ও TLCC -র সদস্য জনাব সিরাজুল ইসলাম বলেন যে, চুয়াডাঙ্গা পৌর এলাকায় কোন ট্রাক টার্মিনাল না থাকায় ট্রাক গুলো রাস্তার দু'ধারে এলোমেলো অবস্থায় পড়ে থাকে। ফলে একদিকে রাস্তায় যানজট সৃস্টি করে অপর দিকে পৌরসভা রাজস্ব হারাচ্ছে। তিনি দ্রুত গতিতে পৌর এলাকায় একটি ট্রাক টার্মিনাল নির্মাণের প্রস্তাব করেন। | ০২মাসের মধ্যে জায়গা নির্ধারন করে ম্যাপ ও ড্রয়িং-ডিজাইন-প্রস্তুত করে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হল। | নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী | ৬ মাস |
| বিষয়-৪ নাগরিক সনদ (সিটিজেন চার্টার) সংশোধন বিষয়ে আলোচনা। | নাগরিক সনদ(CC) বা সিটিজেন চার্টার নিয়ে আলোচনা কালে TLCC সদস্য জনাব মোঃ মাফিজুর রহমান বলেন নতুনভাবে নাগরিক সনদ(CC) স্থাপন করা প্রয়োজন।<br>জবাবে পৌরসভার সচিব সাহেব জানান অচিরেই নতুন সিটিজেন চার্টার স্থাপন করা হবে এবং পৌরসভা অফিস ভবনের সামনে অবস্থিত নাগরিক সনদ(CC) টি নতুন ভাবে লেখা হবে। নাগরিক সনদ(CC) স্থাপন করা হবে মর্মে আশ্বাস প্রদান করায় অত্রসভা পৌরকর্তৃপকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | আরো ০১ টি স্থানে নতুনভাবে নাগরিক সনদ(CC) স্থাপন করা হবে। পৌরসভা অফিস ভবনের সামনে অবস্থিত নাগরিক সনদ(CC) টি নতুন ভাবে লেখা হবে। | সচিব | ১৫ দিন |
| বিষয়-৫ পৌরসভা এলাকার মধ্যে অবস্থিত (চলাচলকারী) ইজিবাইকের লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা। | TLCC -র সদস্য জনাব নুঝাত পারভীন বলেন যে, পৌর এলাকার ভিতর দিয়ে চলাচলকারী ইজিবাইকের লাইসেন্স প্রদানসহ তাদের চলাচল ও সংখ্যা নিয়ন্ত্রন করা প্রয়োজন। তানাহলে ভবিষ্যতে শহরে যানজটের সৃষ্টি হবে। এছাড়া সভা সঠিক সময়ে শুরু হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। | ক. পৌর এলাকায় অবস্থিত সকল ইজিবাইক মালিকগনকে লাইসেন্স গ্রহন করার জন্য নোটিশ প্রদান।<br>খ. প্রতিটি ইজিবাইক বাবদ লাইসেন্স ফি ১৫০০/= টাকা গ্রহনের প্রস্তাব। | মেয়র/সচিব/লাইসেন্স পরিদর্শক | ৩০ দিন |
| বিষয়-৬ পৌর এলাকায় আমদানি-রফতানি পণ্যের উপর টোল আদায় বিষয়ে আলোচনা | পৌর সচিব জনাব এস এম রেজাউল করিম বলেন যে, পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর আইন/২০০৯ (তৃতীয় তফশীল) ধারা/৯৮ অনুযায়ী পৌর এলাকায় ভোগ, ব্যবহার অথবা বিক্রয়ের জন্য আমদানি পণ্যের উপর এবং পৌর এলাকা হতে রফতানি পণ্যের উপর কর আরোপ করা যেতে পারে। | ২০২২-২০২৩ অর্থ বছর হতে পৌর এলাকায় আমদানি-রফতানি পণ্যের উপর টোল আদায়ের সুপারিশ করা হল। | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব/বাজার পরিদর্শক | ৩০ দিন |
| বিষয়-৭ বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন ও কাজের অগ্রগতি বিষয়ে আলোচন। | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যয় বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ২০২১-২০২২ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেটে খাতে ১,১২,৭৫,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। পৌরসভার রাজস্ব বাজেট হতে বরাদ্ধ অনুযায়ী ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২১) ভিত্তিতে বরাদ্দকৃত বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে মোট ৩০,৯১,৪৪১/-টাকা ব্যয় হয়েছে। | ক.উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে PMO অফিসে প্রেরণ করাসহ পৌরসভার ওয়েব সাইটে প্রদর্শন করা।<br>খ.২০২১-২০২২অর্থ বছরের জন্য বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজন মাফিক ব্যয় | মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | আলোচনায় অংশ নিয়ে TLCC -র সদস্য জনাব ডা ঃ মোঃ গহর আলী , জনাব মোঃ সিরাজুল ইসলাম, জনাব মোঃ বিপুল আশরাফ ও জনাব মোঃ মাফিজুর রহমান মাফি বলেন যে, উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ টেকসই উন্নয়ন এবং নতুন অর্থ বছরে নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান এবং সে সাথে বাস-টার্মিনাল আধুনিকিকরণ জরুরী, পাকা রাস্তা নির্মাণ করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর পরামর্শ দেন। | করার সুপারিশ করা হল। | | |
| বিষয়-৮ দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা। | আলোচনার শুরুতেই দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব কে এম আব্দুস সবুর খান বলেন যে, PRAP বাস্তবায়নে মানুষের কিছুটা দুর্দশা লাঘবের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ৪৮,০০,০০০/-টাকার বাজেট বরাদ্দ আছে। ২য় কোয়ার্টারে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, আর্থিক সাহায্য, সাবলম্বী করণ, অসহায় ও দরিদ্রদের মাঝে চাল,ডাল, নগদ অর্থ, ঔষুধ ক্রয়, শিক্ষা উপকরণ, রিং স্লাব বিতারন বাবদ অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসে নিম্ন-লিখিত খাতসমূহে সর্ব মোট =১৩,১০,৬০৯/-টাকা ব্যয় করা হয়েছে। ব্যয় বিবরনী নিম্নরুপঃ<br>* স্বাস্থ্য সেবা ও ঔষধ বিতারন বাবদ ৬২,৮০০/-টাকা<br>* রিং স্লাব বিতারন বাবদ ৫৪,৩১৪/-টাকা<br>* নলকূপ বিতারন বাবদ ৫,৩৮,২১৫/-টাকা<br>* বস্ত্র বিতারন বাবদ ২,৫০,০০০/-টাকা<br>* শিক্ষা উপকরন বাবদ ৪৫,৯০০/-টাকা<br>* নগদ অনুদান ১,৩৮,০০০/-টাকা<br>* করোনা প্রতিরোধে ঔষধ ও খাদ্য সামগ্রী বাবদ ২২,৮৮০/-টাকা | ক.২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করা।<br>খ. স্বাস্থ্য সম্মত রিং-স্লাব বিতরন।<br>গ. বস্ত্র বিতরন করা।<br>ঘ.ঔষুধ প্রদান।<br>ঙ.হত দারিদ্র মানুষদের মাঝে চাউল বিতরণ।<br>চ.দরিদ্রদের মাঝে ঢেউটিন বিতরণ।<br>ছ.পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ।<br>জ.আত্মনির্রভরশীল প্রশিক্ষণের ব্যবস্থা করা। | মেয়র/সভাপতি/সদস্য সচিব | ৩ মাস |
| বিষয়-৯ জেন্ডার(GAP)কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির অগ্রগতি বিষয়ে আলোচনা। | জনাব নুঝাত পারভীন GAP বিষয়ে জানতে চাইলে পৌর সচিব সভাকে জানান চলতি ২০২১-২০২২ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৯,১৫,০০০/- টাকা বাজেট বরাদ্দ আছে। তবে অক্টোবর-ডিসেম্বর/২০২১ ত্রৈমাসিকে নিম্ন লিখিত খাতে মোট = ৬,৮৯,৬১০/- টাকা ব্যয় হয়েছে। ব্যয় বিবরণী নিম্নরুপঃ-<br>* প্রশিক্ষকের বেতন বাবদ খরচ ১৬,৫০০/-টাকা।<br>*GAP এর - মাসিক সভা বাবদ ব্যয় ১,৯০০/-টাকা<br>* অনুদান বাবদ ১,৮৮,১০০/-টাকা<br>*করোনা ভাইরাস প্রতিরোধ (মাক্স, হ্যান্ডস্যানিটাইজার, জীবানু নাশক স্প্রে ইত্যাতি) ক্রয় করে বিতরন ৮১,৬০০/-টাকা | * নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরন করা ও যথাসময়ে PMO অফিসে প্রেরণ করা।<br>* ২০২১-২০২২অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।<br>*হাস-মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান।<br>* সেলাই মেশিন বিতরন<br>* অসহায় ও দুস্থদের মাঝে হাসের বাচ্চা | সভাপতি/সদস্য-সচিব GAP | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | *নারীদেও মাঝে সেলাই মেশিন বিতারন বাবদ ১,৬৯,০০০/-টাকা<br>*হাঁস/মুরগী/ছাগল বিতারন বাবদ ১,১১,৬২০/-টাকা<br>*বস্ত্র বিতারন বাবদ ৬৫,২৫০/-টাকা<br>*চাউল বিতারন বাবদ ৫৫,৬৪০/-টাকা | বিতরণ<br>* আর্থিক অনুদান দেওয়া<br>* পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা।<br>*হত-দরিদ্র পরিবারের স্কুল গামী ছেলে-মেয়েদের জন্য শিক্ষা উপকরন ক্রয় করা বা বিতরন করা। | | |
| বিষয়-১০ বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | বস্তি-উন্নয়ন কমিটির সদস্য-সচিব ও বস্তি-উন্নয় কর্মকর্তা জনাব কেএম আব্দুস সবুর খান আলোচনায় অংশ নিয়ে জানান প্রকল্প অফিস কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে যা প্রায় সমাপ্তির পথে। কাজের গুন-গত মান অত্যন্ত ভালো।<br>প্রতিটা বস্তিতে নিয়মিত সভা করা চলমান আছে। কমিটির সদস্যদের নিয়ে সভা করে উন্নয়ন কাজ করার জন্য সর্বসম্মতিক্রমে রেজুলেশন করে টাকা উত্তোলন করা হয়। সভায় ০৪ টি বস্তির ব্যয় বিবরণীসহ চূড়ান্ত বিল অনুমোদনের জন্য তুলে ধরা হয়।<br>এরপর আলোচনায় অংশ নিয়ে বস্তি উন্নয়ন কমিটির সভাপতি মোছা ঃ রিপা খাতুন, মোছা ঃ রুপালী খাতুন, মোছা ঃ মিতা খাতুন বলেন- আমাদের এলাকার বস্তিতে গুনগতমান ঠিক রেখে উন্নয়ন কাজ পরিচালিত হচ্ছে এবং আমরা সবাই একাজে সাহায্য করি। কাজ সম্পর্কে আমাদের কোন অভিযোগ নাই। আমাদের এলাকায় রাস্তা, ড্রেন, সেনেটারী ল্যাট্রিন, সৌর বিদ্যুৎ পোল স্থাপন হওয়ায় আমরাসহ এলাকার জনগন অত্যন্ত খুশি।<br>অত:পর অত্র সভা বস্তি উন্নয়ন কার্যক্রমের প্রশংসা করেন। | ১. প্রকল্পের নির্দেশনা মোতাবেক কার্য সম্পাদন করা।<br>২. বস্তির উন্নয়ন কাজ শুরুর পূর্বে TLCC সদস্যদের অবহিত করা।<br>৩. অনুমোদিত ০৪ টি বস্তির ঝওঈ কমিটির সদস্যদের সাথে নিয়মিত মাসিক সভা করা।<br>৪. বস্তির উন্নয়ন কাজে গুনগতমান বজায় রাখা।<br>৫. প্রাক্কলন মোতাবেক বস্তি-উন্নয়নের কাজ করা।<br>৬. ০৪ টি বস্তি উন্নয়নের চুড়ান্ত বিল অনুমোদন দেয়ার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করেন | সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র্য হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি | |
| বিষয়-১১ পানির কর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা ও বকেয়া আদায়ে সিদ্ধান্ত গ্রহন। | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ইং ২০২১-২০২২ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান ২,৩৯,১৭,০৬৬/-টাকা।<br>অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসের ত্রৈমাসিক সর্বমোট আদায়ের পরিমান ৫০,২২,৪২৬/-টাকা। পানি শাখার তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ বলেন বকেয়া কর আদায়ে টীম গঠন করা হয়েছে এবং সেই সাথে সংযোগ বিচ্ছিন্ন অব্যাহত আছে। | ক.বকেয়া পানির বিল গ্রাহকদের বিরুদ্ধে লাইন কর্তন এবং বকেয়া বিল আদায়ে টিম গঠন করে অভিযান অব্যহত রাখা।<br>খ.যথা সময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য তাগিত প্রদান অব্যাহত রাখা।<br>গ.ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু রাখা। | মেয়র/সচিব/নির্বাহী প্রকৌশলী/পানিতত্বাব ধায়ক | ৩ মাস |
| বিষয়-১২ অন্তরভর্তি কালীন পৌর কর নিরুপনের কার্যক্রম বৃদ্ধির বিষয়ে আলোচনা। | পৌরসভার কর নিরুপক জনাব জাহাঙ্গীর আলম বলেন যে, অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসের ত্রৈমাসিকে ৮৮টি হোল্ডিং-এর নতুন কর ধার্য করা হয়েছে। নতুন ধার্যকৃত করের পরিমান২,১৩,১৩০/-টাকা। এছাড়া সংশ্লিষ্ট কোয়ার্টারে সম্প্রসারিত ৩২টি ভবনের করের পরিমান ১,৯৩,১৬০/-টাকা। | কর বৃদ্ধির লক্ষ্যে নতুন বাড়ি অনুসন্ধানের জন্য টীম গঠনের সিদ্ধান্ত গৃহিত হল। | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব/কর নিরুপক | ৩০ দিন |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| বিষয়-১৩ পৌরসভার নিজস্ব অন্যান্য আয় বৃদ্ধি বিষয়ে আলেঅচনা | জনাব ফজলুল হক মালিক বলেন পৌরসভার আয় বৃদ্ধি করতে হবে এবং পৌরসভাকে একটি মডেল পৌরসভা গড়তে এখন থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। অন্য এক প্রশ্নের জবাবে পৌর সচিব বলেন পৌরসভার নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে আমরা সম্মিলিত উদ্যোগ গ্রহন করছি। অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসের ত্রৈমাসিকে ৯০টি পৌর দোকনের বিপরীতে মোট আদায় ১,০১০০০/-টাকা। | ক. দোকানের বকেয়া আদায়ে নোটিশ প্রদান।<br>খ. পৌর সভার নিজস্ব দোকান সমূহের চুক্তি পত্র নবায়নের জন্য পত্র প্রেরন।<br>গ. ভাড়া বৃদ্ধি করন। | মেয়র/সচিব/বাজার পরিদর্শক | |
| বিষয়-১৪ বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ বিষয়ে আলোচনা। | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল সহ চলতি বিল পাওয়া গেছে ৪১,৭০,৭৫৫/-টাকা তন্মধ্যে বকেয়াসহ পরিশোধ করা হয়েছে ৩১,৬৫,৮২৮/-টাকা। বিদ্যুৎ বিলের অবশিষ্ট ১০,০৪,৯২৭/-টাকা অচিরেই পরিশোধ করা হবে। পরিশোধের হার ৭৬% ।অক্টোবর-ডিসেম্বর-২০২১ পর্যন্ত ৬,৪৭১/-টাকার টেলিফোন বিল পাওয়া গেছে এবং উক্ত টেলিফোন বিল বাবদ ৬,৪৭১/-পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%। | অতিসত্তর বকেয়া বিদ্যুৎ পরিশোধ করার ব্যবস্থা নেওয়া হবে | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| বিষয়-১৫ স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করা বিষয়ে আলোচনা। | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ ত্তরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পে. রসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করাহয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সুপারিশ করা হল। | মেয়র/ সচিব/ নির্বাহী প্রকৌশলী | |
| বিষয়-১৬ সকল সরকারি ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা। | সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় BMDF সংস্থা থেকে ঋণের কিস্তি অক্টোবর-ডিসেম্বর/২০২১ পর্যন্ত পরিশোধ যোগ্য ঋণের পরিমান ৬,৪৯,৪৬১/-টাকা। অক্টোবর-ডিসেম্বর /২০২১ পর্যন্ত পরিশোধিত কিস্তির পরিমান ৩৫টি। পরিশোধের হার ১০০%। | আগামী জানুয়ারী-মার্চ/২০২২ঋণের অবশিষ্ট ১টি কিস্তির টাকা পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩ মাস |
| বিষয়-১৭ বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয় নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে | ক. বর্জ্য অপসারণে আরো বেশী পদক্ষেপ গ্রহন করা। | মেয়র /সচিব/নির্বাহী প্রকৌশলী/ | ২ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভাকে আরো অবগত করা হয় যে, নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ১,০৩,৫০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসে ব্যয় হয়েছে ১৯,১৮,৮৬০/-টাকা। বর্জ্য ও আবর্জনা ফেলার জায়গা ইতোমধ্যে অধিগ্রহন সম্পন্ন পূর্বক সলিড ওয়াষ্ট ডিসপোজাল গ্রাউন্ড উন্নয়নের কাজ শুরু করা হয়েছে। আশা করছি আগামী ০৬ মাসের মধ্যে কাজটি সম্পন্ন হলে বর্জ্য ও আবর্জনা ফেলার আর কোন সমস্যা হবে না। পৌর সচিব জনাব এস এম রেজাউল করিম বলেন যে, শহরকে অধিকতর পরিছন্ন রাখার জন্য বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করা যেতে পারে। | খ. মহল্লায়-মহল্লায় বাড়ির ময়লা আবর্জনা সরানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্যান সরবরাহ করা ।<br>গ.২০২১-২০২২ অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার সুপারিশ করা হল। | কঞ্জারভেন্সী পরিদর্শক | |
| বিষয়-১৮ ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ক আলোচনা। | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ৫৬,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসে ব্যয় হয়েছে ৯,২৪,৬০১/-টাকা।<br>অত:পর ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্য জনাব ফজলুল হক মালিক, জনাব মো ঃ বিপুল আশরাফ ও মোছাঃ রিপা খাতুন বলেন- ড্রেনের উপর স্লাব না থাকায় ড্রেনের ভিতর মাটি, আবর্জনাফেলা এবং প্রয়শই ছোটখাট দুর্ঘটনা ঘটছে। আবর্জনা ফেলায় ড্রেনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। ড্রেনের আবর্জনা থেকেই যাচ্ছে। যা আদে. ও কাম্য নয়। প্রয়োজনে প্রশাসনের সহায়তা নেওয়ার কথা বলেন।<br>এর পর নির্বাহী প্রকৌশলী সাহেব বলেন আপনাদের সহযোগীতায় ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে। তিনি সভাকে আরো জানান ২০২১-২০২২ অর্থ বছরে সরকারী বরাদ্দ পাওয়া গেলে ড্রেনের উপর স্লাব স্থাপনের কাজ করা হবে। | ক. ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. ড্রেনের উপর স্লাব স্থাপন ২০২১-২০২২ অর্থ বছরে সরকারী অর্থ প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | |
| বিষয়-১৯ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা গ্রহন বিষয়ে আলোচনা। | সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সভাকে জানানো হয় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল রাখার বিষয়ে পৌরসভা সচেষ্ট।তবে ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২১-২০২২ অর্থ বছরে ৩০,৯০,০০০/-টাকা বাজেট বরাদ্দ রাখা আছে। তন্মধ্যে জুলাই-সেপ্টেম্বর/২০২১ মাসে ব্যয় হয়েছে ১২,১৮,৬৭৭/- টাকা। তবে বিদ্যুৎ বিলের কিছু টাকা বকেয়া আছে।<br>অত:পর ১০০% সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে TLCC-র | ক. সড়ক বাতি মেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. অচিরেই বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হবে।<br>গ. ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/কাউন্সিলর/ নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | অন্যতম সদস্য জনাব মো ঃ সুজাউদ্দিন, মোঃ বিপুল আশরাফ ও মোছা ঃ রিপা খাতুন সড়কবাতির বর্তমান কার্যক্রম অত্যন্ত সন্তোষ জনক হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন ।তবে সদস্য জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন প্রত্যেক ওয়ার্ডে কমবেশী বৈদ্যুতিক লাইটের সমস্যা রয়েছে তা দ্রুত সমাধান করা দরকার। | | | |
| বিষয়-২০ স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা ও অগ্রগতি বিষয়ক আলোচনা। | স্যানিটেশন কার্যক্রম নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেটে ২,০০০০০/-টাকা্ বরাদ্দ ছিল এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গনশোচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র সদস্য রেবেকা খাতুন, জনাব মো ঃ সুজাউদ্দিন আহম্মেদ স্যানিটেশন কার্যক্রমে আরো নজর দেয়ার পরামর্শ দেন। স্যানিটেশন বিষয়ক কার্যক্রমে অক্টোবর-ডিসেম্বর/২০২১ মাসে ৯১,৯১৪/-টাকা ব্যয় হয়। | ক.স্যানিটেশন কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হয়।<br>গ. ইং ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুসারে ব্যয় করার সিদ্ধান্ত হয়। | সেনেটারী ইন্সপেক্টর/ কন্জারভেন্সী ইন্সপেক্টর | |

**আলোচ্যসূচীঃ- বিবিধ আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনঃ**

| সদস্যগণকর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিবিধ আলোচনা | TLCC-র সদস্য জনাব মোঃ রাশেদুল ইসলাম মানু কবরস্থানে রোড লাইট স্থাপনরে কথা বলেন এবং অন্য সদস্য জনাব সালাউদ্দিন মোঃ মোর্তুজা রাস্তার পানিসহ ড্রেনের পানি দ্রুত নিষ্কাশনের ব্যবস্থার কথা বলেন। এছাড়া জনাব বেলাল ডাক্তারের বাড়ির পাশে ড্রেনে স্লাব প্রদান ও ডাস্টবিন নির্মাণের প্রস্তাব করেন।<br>TLCC-র সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা কাজ গুলো দ্রুততার সাথে সম্পূর্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশ প্রদান করেন। | ক. কবরস্থানে লাইট স্থাপন<br>খ. ড্রেনের উপর স্লাব নির্মাণ<br>গ. ড্রেনের পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন | মেয়র/নির্বাহী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩০ দিন |

মাননীয় মেয়র সভায় উপস্থিত TLCC-র সদস্যদের ধন্যবাদ সহ সবাইকে পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকলে এগিয়ে আসাসহ উন্নয়নের অংশীদার হওয়ার আহব্বান জানান। অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং- চুয়া/পে. ঃ/TLCC-৩/৪-২০১৮/২০২১/১৪৭২(৫০)

তারিখ ঃ ২৯-০৯-২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, (UGIIP-III)
এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭

২। জনাব.....................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা

৩। অফিস কপি

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা